

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



স্মারক নং: ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৫.১৫/ ৫৫২

তারিখ: ১৫/০৭/২০২১ বঙ্গাব্দ
০৬/০৭/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য অনুষ্ঠিতব্য ৬৯তম Communicative English Course (CEC)-এ মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ১৬ অগ্রহায়ণ ১৪২৮ থেকে ০৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/ ০১ ডিসেম্বর ২০২১ থেকে ২১ ডিসেম্বর ২০২১ খ্রি. মেয়াদে মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য ৬৯তম Communicative English Course (CEC) নায়েম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন জেলাসমূহের উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইংরেজি বিষয়ের ০৫ (পাঁচ) জন প্রশিক্ষার্থী প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষার্থীগণের নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম এবং তাঁদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ২৫ নভেম্বর ২০২১-এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং ই-মেইলে tssawapansaha.naem@gmail.com-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

১. প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের নির্ধারিত সার্ভিস চার্জ পরিশোধ এবং আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে। ঢাকার বাইরের অগ্রহী প্রশিক্ষার্থীগণ ৩০ নভেম্বর ২০২১ খ্রি. বিকেল ০৫টার পরে নির্ধারিত হোস্টেলে আসন গ্রহণ করতে পারবেন;
২. প্রশিক্ষার্থীগণের নিজেদের দৈনন্দিন ব্যয় ও শিক্ষা সফরের জন্য জনপ্রতি কমপক্ষে ১০,০০০/- (দশ হাজার) টাকা সাথে আনা বাঞ্ছনীয়;
৩. সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্তির পর নায়েম থেকে অংশগ্রহণকারীগণের ভ্রমণ ও দৈনিক ভাতা/প্রশিক্ষণ ভাতার বিল নায়েম-এ পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;
৪. ইতোপূর্বে নায়েম কর্তৃক পরিচালিত Communicative English Course (CEC)/English Language Teaching (ELT) অথবা TQI পরিচালিত ইংরেজি বিষয়ের প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী কোন শিক্ষক এ কোর্সে অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন না;
৫. নায়েমে গত ০১ বছরের মধ্যে কোন প্রশিক্ষণে অংশগ্রহণ করলে তাঁরা এ প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি পাবেন না;
৬. মনোনীত প্রশিক্ষার্থী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হলে তাঁকে এমপিওভুক্ত শিক্ষক হতে হবে;
৭. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ-এর স্মারক নং মাউশিপ্র/বা-ইউ/৫২৮০, তারিখ: ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কোন কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে;
৮. প্রশিক্ষার্থীগণকে Class VI – IX-এর English for Today শিরোনামের ০৪টি পুস্তক, ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে মনোনীত শিক্ষকের সর্বশেষ এমপিও-এর কপি এবং প্রতিষ্ঠানের EIIN নম্বর সম্বলিত প্যাডে ছাড়পত্র আনতে হবে;
৯. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয় সম্পর্কে জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক জনাব মোঃ শামীম মাহবুব, প্রশিক্ষণ বিশেষজ্ঞ (মোবাইল : ০১৭৯০২৪৮৯৯০, ই-মেইল shameemmahboob88@gmail.com) -এর সাথে যোগাযোগ করা যেতে পারে;
১০. মনোনীত প্রশিক্ষার্থীকে ১৬ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ/ ০১ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখ বুধবার সকাল ০৯:০০টায় নায়েম-এর প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান-স্টপ-সার্ভিস পয়েন্ট-এ রেজিস্ট্রেশন করতে হবে।

প্রাপক:
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, -----অঞ্চল।

(প্রফেসর ড. তাহসিনা আক্তার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)

স্মারক নং: ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৫.১৫/ ৫৫২ (২৬)

তারিখ: ১৫/০৭/২০২১ বঙ্গাব্দ
০৬/০৭/২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষাভবন, ঢাকা;
- ২-৫। পরিচালক, প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/পরিকল্পনা ও উন্নয়ন/গবেষণা ও তথ্যায়ন, নায়েম, ঢাকা;
- ৬-৮। উপ-পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ১০-১২। হোস্টেল সুপারিনটিন্ডেন্ট, মুক্তিযোদ্ধা/ সোনার বাংলা/শহীদ জননী হোস্টেল, নায়েম, ঢাকা;
- ১৩। প্রোগ্রামার, নায়েম, ঢাকা (আমন্ত্রণ পত্রটি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১৪। তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
- ১৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
- ১৬। অফিস নথি।

০৩.১১.২০২১
(স্বপন কুমার সাহা)

প্রশিক্ষণ বিশেষজ্ঞ ও
কোর্স পরিচালক

মোবাইল: ০১৬৭৩৯৯৭৬৫৩